

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-৬২

২৯/০২/১৪৩০ব.
তাং -----
১২/০৬/২০২৩খ্রি.

বিষয়ঃ দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা ও বদলিজনিত ভ্রমণ ভাতা বিল দাখিলকরণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ১৪/০৭/২০২২খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-৭৮ নং প্রজ্ঞাপনমূলে দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজনিত ভ্রমণ ভাতা পুনঃনির্ধারণ করা হয়, যা ০১/১০/২০২২খ্রি. তারিখ হতে কার্যকর হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের আলোকে প্রয়োজনীয় পাইলটিং শেষে ০১/০৩/২০২৩খ্রি. তারিখ হতে সকল সরকারি অফিসে iBAS++ এর মাধ্যমে অনলাইনে দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজনিত ভ্রমণ ভাতা বিল দাখিল কার্যক্রম শুরু হয়। iBAS++ এর মাধ্যমে দৈনিক ভাতা, ভ্রমণ ভাতা এবং বদলিজনিত ভ্রমণ ভাতা বিল দাখিল সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত নির্দেশক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হলোঃ-

- (১) ক্যাটিগরি-২ এর ক্ষেত্রে ১৯৯ কি.মি. পর্যন্ত ভ্রমণের জন্য ১৫/- টাকা/কি.মি. হারে এবং ১৯৯ কি.মি. এর পরবর্তী প্রতি কি.মি. ভ্রমণের জন্য ১২/- টাকা/কি.মি. হারে প্রাপ্য হবেন এবং ক্যাটিগরি ৩ ও ৪-এর ক্ষেত্রে ১৯৯ কি.মি. পর্যন্ত ভ্রমণের জন্য ৮/- টাকা/কি.মি. হারে এবং ১৯৯ কি.মি.-এর পরবর্তী প্রতি কি.মি. ভ্রমণের জন্য ৬/- টাকা/কি.মি. হারে প্রাপ্য হবেন;
- উদাহরণঃ** ধরা যাক, একজন ক্যাটিগরি ২-এর কর্মচারী ঢাকা হতে সড়ক পথে রংপুর যাবেন। ঢাকা থেকে সড়ক পথে রংপুরের দূরত্ব ৩০৪ কি.মি। এক্ষেত্রে, ১৯৯ কি.মি. পর্যন্ত ১৫/- টাকা/কি.মি. হারে এবং অবশিষ্ট দূরত্ব অর্থাৎ, ১০৫ কি.মি. এর জন্য ১২/-টাকা/কি.মি. হারে প্রাপ্য হবেন। মোট ভ্রমণ ভাতার পরিমাণ হবে=(১৯৯×১৫)+(১০৫×১২) =৪২৪৫/- টাকা।
- (২) বিমানে ভ্রমণের ক্ষেত্রে অর্থ বিভাগের ১৪/০৭/২০২২খ্রি. তারিখের ৭৮নং প্রজ্ঞাপনের নির্দেশনা অনুযায়ী ভ্রমণ শুরুর স্থান হতে গন্তব্যস্থলের দূরত্ব পর্যন্ত বিমানযোগে ভ্রমণের জন্য নির্ধারিত হার প্রযোজ্য হবে;
- (৩) যে কোন ভ্রমণের জন্য অগ্রিম গ্রহণ ও সমন্বয়ের ক্ষেত্রে Online System কার্যকর হবার পূর্ব পর্যন্ত ম্যানুয়াল পদ্ধতিতে বিল দাখিল করা যাবে;
- (৪) মন্ত্রণালয়/বিভাগের সচিব/সিনিয়র সচিব, সামরিক বাহিনীর মেজর জেনারেল ও তদুর্ধ্ব কর্মকর্তা এবং অধস্তন আদালতের জেলা জজ পদ মর্যাদার কর্মকর্তা ব্যতীত অন্যান্য সকল পর্যায়ের কর্মকর্তাগণের ট্যুর ডাইরি নিয়ন্ত্রণকারী কর্তৃক অনুমোদিত হতে হবে;
- (৫) একই উপজেলার অভ্যন্তরে ৮ কি.মি. এর অধিক দূরত্বে ভ্রমণের ক্ষেত্রে online system কার্যকর হবার পূর্ব পর্যন্ত ম্যানুয়াল পদ্ধতিতে বিল দাখিল চলমান থাকবে।


(মোহাম্মদ মনিরুজ্জামান)
উপসচিব

ফোনঃ ২২৩৩৮১১৩১

E-mail: mmoniruzzaman@finance.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২)-৬২(১০০০)


২৯/০২/১৪৩০ব.
তাং -----
১২/০৬/২০২৩খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক ও বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা (তীর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৪। সিনিয়র সচিব/সচিব ----- (সকল মন্ত্রণালয়/বিভাগ) (তীর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

চলমান পাতা-২

- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তীর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৬। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা (তীর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৭। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা (তীর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ৮। জাতীয় কর্মসূচী পরিচালক, এসপিএফএমএস কর্মসূচী, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। বিভাগীয় কমিশনার (সকল)-----।
- ১০। অর্থ বিভাগের সকল অনুবিভাগ-----।
- ১১। জেলা প্রশাসক (সকল)-----। (তীর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ১২। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১৫। অফিস কপি।


১২/০৫/২০২০
(মোহাম্মদ মনিরুজ্জামান)
উপসচিব
ফোনঃ ২২৩৩৮১১৩১